

**আজকের দাখিল  
পরীক্ষা স্থগিত**

এসএসসি'র নতুন তারিখ

■ ইত্তেফাক রিপোর্ট

আজ বুধবার অনুষ্ঠেয় মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ পরীক্ষার নতুন সময় প্রায় জানানো হবে। অন্যদিকে ৩ ও ৪ মার্চের স্থগিত করা এসএসসি ও সমমানের পরীক্ষার নতুন তারিখ নির্ধারণ করা হয়েছে। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ৩ মার্চের পরীক্ষা ২০ মার্চ শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা এবং ৪ মার্চের পরীক্ষা ২১ মার্চ শনিবার সকাল ১০টা থেকে বেলা ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।